সোনালী ব্যাংক পিএলসি
*বিশ্বস্ত ও স্মার্ট*

**বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধিত-২০১০) এর ৩৩(৫) ধারার বিধান অনুযায়ী)**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, ফরেন এক্সচেঞ্জ শাখা (সাবেক মহিলা শাখা), নারায়ণগঞ্জ এর ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স শফিক ট্রেডিং কোং, মালিক- জনাব মোঃ রফিকুল ইসলাম, ঠিকানা- ১৬/৪, এস এম মালেহ রোড, টানবাজার, থানা ও জেলা- নারায়ণগঞ্জ এর নিকট ৩০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ৮,৯৪,৫৯,৪০৩/- টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন তপসিলভুক্ত স্থাবর সম্পত্তি অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্নিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির তফসিল**

**জেলা ও থানা- নারায়নগঞ্জ, মৌজা- নারায়নগঞ্জ 'ম' খন্ড, জেএল নং: সেঃমেঃ- ১৮৮, হালে- ৬৭; খতিয়ান নং: সিএস- ৬৪৮, এসএ- ৩০৭, আরএস- ৬৭৪, নামজারী- ৩০৭/১; দাগ নং: সিএস- ৮২৮, এসএ- ৮১৭, আরএস- ১০৬২; জমির পরিমান: ০৩ শতাংশ কাতে ২.৪৮ শতাংশ ও তদস্থিত ০৪ তলা দালান।**

শর্তাবলীঃ- ১। আগামী **১৭/০৭/২০২৫** ইং তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জ এ রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐদিনই বিকাল ০৪:১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তা অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রদত্ত দর অংকে ও কথায় লিখে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর **ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম** উল্লেখপূর্বক **"সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করতে হবে।

৩। প্রত্যেক দরপত্রদাতার উদ্ধৃত দরের পরিমাণ সর্বোচ্চ ১০,০০,০০০/- টাকা পর্যন্ত হলে তার ২০%, উদ্ধৃত দরের পরিমাণ ১০,০০,০০০/- টাকার উর্দ্ধে এবং ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত হলে তার ১৫% এবং উদ্ধৃত দরের পরিমাণ ৫০,০০,০০০/- টাকার উর্দ্ধে হইলে হলে তার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক পিএরসি, ফরেন এক্সচেঞ্জ শাখা, নারায়নগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন। অনূর্ধ্ব ১০,০০,০০০/- টাকার উদ্ধৃত দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- টাকার উদ্ধৃত দরপত্র গৃহিত হইবার পরবতী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দরপত্র গৃহিত হইবার পরবতী ৯০(নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন।

৪। উপরোক্ত অনুচ্ছেদ নং-৩ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য, সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে ক্রয় করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দর দাতা আহুত হইবার পর ৩ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময় সীমার মধ্যে সম্পূর্ন মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হবে।

৫। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করলে অথবা অন্য যে কোন কারনে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন।

৬। সর্বোচ্চ দরদাতাকে নিলামের সম্পত্তির মালিকানা প্রাপ্তির লক্ষ্যে প্রযোজ্য রেজিঃ খরচ, স্ট্যাম্প ডিউটি, অন্যান্য খরচ এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে এবং তফসীল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যে কোন কর বিল সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ব্যাংক / প্রতিষ্ঠানের এর উপর বর্তাবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৮। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে।

৯। বাতিলকৃত দরদাতাকে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।

১০। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল বা যে কোন দরপত্র গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

১১। দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবহিত হবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও শাখা প্রধান
সোনালী ব্যাংক পিএলসি, ফরেন এক্সচেঞ্জ শাখা, নারায়ণগঞ্জ।
মোবাইলঃ ০১৭৩০৩১৮০৩১